

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইঙ্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
ওয়েবসাইট: [www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)

নং- ৩৭.০৫.০০০০.০১।২৭.০০২.২০২২-৩৪৭

তারিখ: ০৫ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ  
২০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ


## ৪র্থ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ২১/১২/২০২২ খ্রিঃ তারিখে প্রকাশিত ৪র্থ গণবিজ্ঞপ্তির আওতায় ১২/০৩/২০২৩ খ্রিঃ তারিখে ৩২,৪৮০ জন প্রার্থীকে এমপিওডুক্ট শিক্ষকদের শূন্য পদে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। নির্বাচিত প্রার্থীদেরকে অনলাইনে ডি-রোল ফরম জমাদানের নির্দেশ দেয়ার প্রেক্ষিতে ২৮,৮৭৩ জন প্রার্থী ডি-রোল ফরম দাখিল করেন। ৩,৬০৭ জন প্রার্থী ডি-রোল ফরম দাখিল করেননি। ডি-রোল ফরম জমাদানকারী প্রার্থীদের মধ্যে জাল নিবন্ধন সনদ, কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকা, নির্ধারিত বয়স অতিক্রম, নিবন্ধন সনদে উল্লিখিত পদের পরিবর্তে ডুল পদে আবেদন, ডি-রোল ফরমে অসম্পূর্ণ বা ডুল রোল/ব্যাচ উল্লেখ থাকায় এবং মামলার স্থগিতাদেশের কারণে মোট ১,৭৯৯ জন প্রার্থী বাদে অবশিষ্ট ২৭,০৭৪ (সাতাশ হাজার চুয়াত্তর) জন প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.১০১.১৯.১ (অংশ)-২০২ তারিখ ২০.০৯.২০২৩ এর নির্দেশনার আলোকে পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন কার্যক্রম চলমান অবস্থায় শর্ত সাপেক্ষে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। নিয়োগ সুপারিশের বিষয়টি সংশ্লিষ্ট সুপারিশপ্রাপ্ত প্রার্থী ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে এসএমএস যোগে অবহিত করা হয়েছে। সুপারিশপ্রাপ্ত প্রার্থীকে এনটিআরসিএ এর ওয়েবসাইটের ([www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)) ৪র্থ গণবিজ্ঞপ্তি নামক সেবা বক্সে অথবা সরাসরি <http://ngi.teletalk.com.bd> লিংকে প্রবেশ করে স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহারের মাধ্যমে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোড করে সুপারিশ পত্রে বর্ণিত প্রতিষ্ঠানে এবং উল্লিখিত তারিখের মধ্যে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

২। পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন প্রতিবেদনে নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থী অনুপযুক্ত বিবেচিত হলে এ সুপারিশপত্র তাংক্ষনিকভাবে বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রার্থীকে অব্যাহতি প্রদান করবে।

৩। প্রার্থী যোগদানের নির্ধারিত তারিখের পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে প্রতিষ্ঠান প্রধানগণ তাদের স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে টেলিটকের <http://ngi.teletalk.com.bd> লিংকে প্রবেশ করে Joining Status অপশনে “Yes” ক্লিক করবেন। প্রার্থী যোগদান না করলে Joining Status-এ “No” ক্লিক করে Reason-এর ঘরে যোগদান না করার সম্ভাব্য কারণ উল্লেখ করবেন।

৪। কোন প্রতিষ্ঠান প্রধান টেকনিক্যাল কারণে SMS না পেলে এনটিআরসিএ এর ওয়েবসাইট থেকে তার প্রতিষ্ঠানে সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের তালিকা এবং সুপারিশপত্র সংগ্রহ করতে পারবেন।

  
(এস. এম. মাসুদুর রহমান)  
সদস্য (যুগ্মসচিব)  
শিক্ষাত্ত্ব ও শিক্ষামান (অতিরিক্ত দায়িত্ব)  
এনটিআরসিএ, ঢাকা  
ফোন নং- ০২-৪১০৩১০৪৬